health.ny.gov



পিতামাতা ও অভিভাবকদেব জন্য তথ্য

# জন্মগত গুৰুত্ৰ হাটেৰ ৰোগেৰ (Critical Congenital Heart Disease, CCHD) জন্য পালস অক্সিমিট্ৰি ক্সিনিং

## নিউবর্ন স্ক্রিনিং কী?

বেশিরভাগ বাচ্চার জন্ম হ্ম সুস্থভাবে কোনও গুরুতর সমস্যা ছাড়াম। নিউবর্ন স্ক্রিনিং হলো এমন একটি উপায় যার মাধ্যমে বাচ্চাদের অবিলম্বে চিকিৎসা প্রয়োজন এমন কোনও অসুস্থতা আছে কিনা তা জানা যায়। নিউবর্ন স্ক্রিনিং পালস অক্সিমিট্রি নবজাতকদের মধ্যে গুরুতর হার্টের সমস্যা থঁজতে সাহায্য করতে পারে।

### জন্মগত গুৰুত্ব হাটেব বোগ কী?

জন্মগত গুৰুত্বর হার্টের রোগ (Critical Congenital Heart Disease, CCHD) হলো একটি শারীরিক সমস্যা। যথন কোনও বান্চার হার্ট বা হার্টের কাছে থাকা প্রধান রক্তবাহ সঠিকভাবে গঠিত হয় না তখন এই সমস্যা হয়। হার্ট ঠিকমতো কাজ নাও করতে পারে এবং রক্তে পর্যাপ্ত অক্সিজেন নাও থাকতে পারে।



## CCHD এব জন্য বাচ্চাব ক্সিনিং করা গুরুত্বপূর্ণ কেন?

হার্টের সমস্যা থাকা কিছু বাচ্চাদের প্রথমে সুস্থ দেখায়। তাদের সমস্যা খুঁজে পাবার আগে বাড়ি পাঠানো হলে, গুরুতর অসুস্থতা বা মৃত্যুর ঝুঁকি থাকে।

#### CCHD ক্সিলিং কীভাবে করা হয়?

পালস অক্সিমিট্রি, কথনও কথনও পালস অক্স-ও বলা হয়, এটি হলো বান্চার রক্তে অক্সিজেনের পরিমাণ ও হৃদস্পন্দন নির্ধারণ করার পরীক্ষা। পালস অক্সিমিট্রি খুব দ্রুত, সহজ একটি পদ্ধতি এবং এতে ব্যখা লাগে না। রক্তে অক্সিজেনের পরিমাণ ও হৃদস্পন্দন নির্ধারণ করার জন্য বান্চার হাতের ও পায়ের চারপাশে একটি ছোট নরম সেন্সর মোড়ানো হয়। ইউনিভার্সাল নিউবর্ল স্ক্রিনিংয়ের অংশ হিসেবে, New York State এ হওয়া প্রতিটি বান্চার জন্মের 24 ঘন্টা পর CCHD-এর লক্ষণ আছে কিনা দেখতে পালস অক্সিমিট্রি স্ক্রিনিং করাতে হবে। 24 ঘন্টা অপেক্ষা করলে বান্চার মায়ের গর্ভের বাইরে তার হৃদপিন্ড ও ফুসফুস সম্পূর্ণ সামঞ্জস্য হয়ে যাবে।

#### পালস অক্সিমিট্রিব বিডিও কম হলে কী হয়?

কিছু বাষ্চার অক্সিজেনের মাত্রার রিডিং কম থাকবে। CCHD-এর জন্য আরও পরীক্ষা, যেমন হার্টের আন্ট্রাসাউন্ড (ইকোকার্ডিওগ্রাম বা হার্ট ইকোও বলা হয়) করাতে হবে কিনা তা আপনার ডাক্তার ঠিক করবেন। অক্সিজেনের রিডিং কম মানেই এই নয় যে আপনার বাষ্চার CCHD আছে। কিছু সুস্থ বাষ্চারও পালস অক্সিমিট্রি রিডিং কম থাকতে পারে কারণ জন্মের পর তাদের হুদপিন্ড ও ফুসফুস তথনও সামঞ্জস্য করছে। এছাড়াও অন্য কারণে আপনার বাষ্চার অক্সিমিট্রি পরীক্ষার ফলাফল কম হতে পারে।

#### পিতামাতাকে যা জানতে হবে?

পালস অক্সিমিট্রি স্ক্রিনিং পাস করে এমন বেশিরভাগ বাচ্চার CCHD হবে না। যে সমস্ত সতর্কতা সমস্ত পিতামাতাদেরকে দেখতে হবে: ত্বকের বা ঠোঁটের নীল রঙ, শ্বাস নেয়ার সময় ঘোঁৎ ঘোঁৎ শব্দ, দ্রুত শ্বাসপ্রশ্বাস, খেতে না চাওয়া, খুব অনিদ্রা এবং ওজন না বাড়া। আপনি যদি আপনার বাচ্চার মধ্যে এইসব লক্ষণের কোনও একটি দেখতে পান তাহলে সরাসরি স্বাস্থ্যসেবা প্রদানকারীর সঙ্গে যোগাযোগ করুন।

#### CCHD এব জন্য নিউবর্ল স্ক্রিনিং সম্পর্কে অতিবিক্ত প্রশ্ন থাকলে কার সঙ্গে যোগাযোগ করব?

আপনার বান্চার ডাক্তারকে নিউবর্ন স্ক্রিনিং সম্পর্কে জিজ্ঞাসা করুন অথবা CDC-এর ওয়েবসাইট দেখুন: www.cdc.gov/ncbddd/heartdefects/cchd-facts.html